

“ছেলে হোক, মেয়ে হোক  
দুটি সন্তানই যথেষ্ট”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়  
বুড়িচং, কুমিল্লা।

www.fpo.burichang.comilla.gov.bd



তারিখঃ

২২ কার্তিক ১৪২৯ বঙ্গাব্দ  
০৭ নভেম্বর ২০২২ খ্রিস্টাব্দ

স্মারক নং- ৫৯.১১.১৯১৮.০০০.১১.১৯৮.২২-০০৬

## নিয়োগ বিজ্ঞপ্তি

পরিবার পরিকল্পনা অধিদপ্তরধীন ক্লিনিক্যাল কন্ট্রোলেশন সার্ভিসেস ডেলিভারী প্রোগ্রাম ইউনিট এর স্মারক নং-পপঅ/সিসিএসডিপি/PPV-নিয়োগ-৪৮২/২০২১-২২/২৫৪০, তারিখঃ ১৬/১০/২০২২ খ্রিঃ মোতাবেক “কাজ নাই, ভাতা নাই” ভিত্তিতে Paid Peer Volunteer নিয়োগ প্রদানের জন্য কুমিল্লা জেলার বুড়িচং উপজেলার বিভিন্ন ইউনিয়নের/ইউনিটের/গ্রামের স্থায়ী বাসিন্দাদের (স্বমুখ্য বিবাহিত মহিলা) নিকট হতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে নির্ধারিত ছকে আবেদন পত্র আহ্বান করা যাচ্ছে।

পদের নাম এবং ভাতাদি	সংখ্যা	যে সকল এলাকার স্থায়ী বাসিন্দারা আবেদন করতে পারবেন			শিক্ষাগত যোগ্যতা
		ইউনিয়নের নাম এবং পদ সংখ্যা	ইউনিট	গ্রামের নাম	
Paid Peer Volunteer (মহিলা) ভাতা: দৈনিক ৪০০/- (চারশত) টাকা মাত্র। (যাতায়াত ভাতা- ৩০০/- এবং নাস্তা বাবদ-১০০/-)	১৮ (আঠারো) টি	রাজাপুর - ০২ টি	২/ক ৩/খ	বারেশ্বর, রাজাপুর (বাড়ি নং-১ হতে ১২১ পর্যন্ত) শংকুচাইল	মাধ্যমিক বা সমমান পরীক্ষায় পাশ
		বাকশীমুল- ০২ টি	১/খ ৩/ক	মীরপুর, জামতলা, ছোট হরিপুর পান্টি রাজাপুর, ধর্মনগর, ছমখাম পাহাড়পুর, আনন্দপুর	
		বুড়িচং সদর - ০১ টি	৩/ক	বুড়িচং, আরাগ	
		যোলনল- ০৩ টি	১/ক	শিবরামপুর, আগানগর, শিকারপুর	
			২/ক ৩/ক	পয়াত, গোবিন্দপুর, মহিষমাড়া কামারখাড়া, শিমাইলখাড়া, বালিখাড়া	
		পীরখাত্তাপুর- ০২ টি	১/ক	সাদকপুর (রাঙার উত্তর অংশ) উত্তর শ্যামপুর	
			১/খ	সাদকপুর (রাঙার দক্ষিণ অংশ) দক্ষিণ শ্যামপুর	
		ময়নামতি- ০৩ টি	২/ক	এমাকুবপুর, চান্দসার, জিয়াপুর, কাচারীতলা, শরিফপুর, পাইকপাড়া	
			৩/ক	ঘোষণগর, কালাকচুয়া, শাহদৌলতপুর, করিমাবাদ	
			৩/গ	ফরিজপুর, শমেশপুর, রামপাল, মীরপুর, শ্রীপুর	
		মোকাম-০৩ টি	১/ক	আবিদপুর	
			২/খ ৩/ক	কোরপাই পরিহলপাড়া, কুপটি, পাঁচকিত্তা, হালগাঁও	
			৩/ক	পারুমারা, শোভারামপুর, রামপুর (সিলেট-কুমিল্লা রাস্তার পশ্চিমাংশ)	
		ভারেল্লা- ০২ টি	৩/ক	এদবারপুর, কুসুমপুর	

### আবেদনের শর্তাবলী :

০১। মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি), বুড়িচং, কুমিল্লা ও সদস্য সচিব, Paid Peer Volunteer (মহিলা) নিয়োগ ও বাছাই কমিটি এর বরাবর নির্ধারিত ফরমে (অত্র কার্যালয় থেকে ফরম পাওয়া যাবে) নিম্নলিখিত তথ্যাদিসহ আগামী ০৮/১১/২০২২ খ্রিঃ তারিখ হতে ২০/১১/২০২২ খ্রিঃ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময় (সকাল ০৮:০০ ঘটিকা হতে বিকাল ০৩:০০ ঘটিকার মধ্যে ছুটির দিন ব্যতীত) উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, বুড়িচং, কুমিল্লা-তে অফিসে রক্ষিত বক্সে ডাকযোগে/সরাসরি আবেদনপত্র পৌঁছাতে হবে। খামের উপরে নিজ ইউনিট, ইউনিয়নের নাম ও বিশেষ কোটা (যদি থাকে) স্পষ্টভাবে মোটা অক্ষরে লিখতে হবে। অস্পষ্ট বা অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ, ভুল তথ্য সম্বলিত এবং নির্ধারিত সময়ের পরে প্রাপ্ত আবেদন বাতিল বলে গণ্য হবে।

০২। আবেদনপত্রের সাথে নিম্নবর্ণিত কাগজপত্রাদি (ন্যূনতম ৯ম গ্রেডের গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত) দাখিল করতে হবে :

- ০২ (দুই) কপি সদ্যতোলা পাসপোর্ট সাইজের ছবি।
- শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত অনুলিপি।
- সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব ও স্থায়ী বাসিন্দার সনদপত্র।
- ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।
- জাতীয় পরিচয়পত্র/জন্ম সনদের সত্যায়িত কপি।
- অভিজ্ঞতার (সমাজকল্যাণমূলক/চাকুরী) সত্যায়িত সনদপত্র (যদি থাকে)।
- আবেদনকারী মুক্তিযোদ্ধা পোষ্য হলে প্রদত্ত সনদের সত্যায়িত অনুলিপি।

০৩। ১০০ (একশত) নম্বরের মৌখিক পরীক্ষার মাধ্যমে অপেক্ষমান তালিকা সহ যোগ্য প্রার্থী নির্বাচন করা হবে।

০৪। প্রার্থীর মৌখিক পরীক্ষার সময় সকল সনদপত্রের মূলকপি সঙ্গে আনতে হবে।

০৫। আবেদনকারীর যোগ্যতা :

- বর্ণিত কর্মএলাকার (সংশ্লিষ্ট ইউনিয়নের) স্থায়ী বাসিন্দা এবং বিবাহিত মহিলা হতে হবে।
- শিক্ষাগত যোগ্যতা ন্যূনতম মাধ্যমিক বা সমমানের পাশ।
- শারীরিক ও মানসিকভাবে সুস্থতার অধিকারী (যোগাদানের সময় নিজ ব্যবস্থাপনায় মেডিকেল সার্টিফিকেট জমা দিতে হবে)।
- সমাজ কল্যাণমূলক কাজ করতে আগ্রহী।
- বয়স ২০/১১/২০২২খ্রিঃ তারিখে সর্বোচ্চ (১৮-৩০) বৎসর হতে হবে।
- স্বাস্থ্য, পরিবার পরিকল্পনা ও পুষ্টি সংক্রান্ত কাজে পূর্ব অভিজ্ঞতা সম্পন্নদের অগ্রাধিকার প্রদান করা হবে।
- সম্পূর্ণ LARC&PM গ্রহীতাদের অগ্রাধিকার প্রদান করা হবে।
- দুই সন্তানের অধিক সন্তান বিশিষ্ট দম্পতি অযোগ্য হিসেবে বিবেচিত হবে।
- মুক্তিযোদ্ধা পোষ্যদের সর্বোচ্চ অগ্রাধিকার দেওয়া হবে।
- ভবিষ্যতে তথ্যের গড়মিল পাওয়া গেলে নিয়োগ বাতিল বলে গণ্য হবে।

০৬। নিয়োগ প্রাপ্তদের দায়িত্ব ও কর্তব্য:

- সংশ্লিষ্ট ইউনিটের/কর্মএলাকার বাড়ি পরিদর্শন, কাউন্সেলিং/মোটেশন প্রদান।
- স্থায়ী ও দীর্ঘমেয়াদী পদ্ধতি গ্রহণ ইচ্ছুকদের নিকটস্থ ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র/উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে রেফার করা।
- নব বিবাহিত দম্পতিদের তথ্য সংগ্রহ ও পরিবার পরিকল্পনা সম্পর্কিত কাউন্সেলিং।
- স্থায়ী ও দীর্ঘমেয়াদী গ্রহীতাদের নিয়মিত ফলোআপ জটিলতার জন্য চিকিৎসকের নিকট প্রেরণ।
- গর্ভবতীদের তালিকা সংগ্রহ, হালনাগাদ করা, গর্ভকালীন সেবার জন্য রেফার এবং প্রসব পরবর্তী প: প: পদ্ধতির জন্য উদ্বুদ্ধ করা।